গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
বেসরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-২ শাখা

স্মারক নং ৪৫.১৬২.১১৬.০০.০০.০২৭.১৮-৪২৫

তারিখঃ ২৩ শ্রাবণ, ১৪২৫ বঙ্গাব্দ
০৭ আগষ্ট, ২০১৮ খ্রিস্টাব্দ

# বিদেশি বিশেষজ্ঞ ডাক্তার / বিশেষায়িত নার্স আগমণ সংক্রান্ত নীতিমালা-২০১৮

আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, সরকার 'বেসরকারি হাসপাতালে বিদেশি বিশেষজ্ঞ চিকিৎসক/বিশেষায়িত নার্স আগমন/নিয়োগ সংক্রান্ত নীতিমালা, ২০০৯' সংশোধনক্রমে 'বেসরকারি হাসপাতালে বিদেশি বিশেষজ্ঞ চিকিৎসক/বিশেষায়িত নার্স নিয়োগ সংক্রান্ত নীতিমালা, ২০১৮' প্রণয়ন করলেন :

১। শিরোনাম :

এ নীতিমালা স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত ও স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত বেসরকারি হাসপাতাল/ক্লিনিকে বিদেশি বিশেষজ্ঞ চিকিৎসক/বিশেষায়িত নার্স আগমন/নিয়োগের নিমিত্ত 'বেসরকারি হাসপাতালে বিদেশি বিশেষজ্ঞ চিকিৎসক/বিশেষায়িত নার্স নিয়োগ সংক্রান্ত নীতিমালা-২০১৮' নামে অভিহিত হবে এবং তা অবিলম্বে কার্যকর হবে।

২। নীতিমালা প্রণয়নের মূল উদ্দেশ্য :

২.১ বেসরকারি হাসপাতালে বিদেশি বিশেষজ্ঞ চিকিৎসক/বিশেষায়িত নার্স আগমন/নিয়োগের বিষয়ে দিক নির্দেশনা প্রদানপূর্বক নিয়োগ নিয়মতান্ত্রিক করা;

২.২ বিদেশি প্রযুক্তি, জ্ঞান ইত্যাদি হস্তান্তরের মাধ্যমে দেশীয় সেবা খাতের উন্নয়ন করা;

২.৩ দেশের জনসাধারণের কাছে উন্নতমানের চিকিৎসা সেবা পৌঁছে দেয়া এবং সেবা সহজলভ্য ও মানসম্মত করা;

২.৪ বেসরকারি হাসপাতালে জনবল নিয়োগের ক্ষেত্রে বাংলাদেশী চিকিৎসক/নার্স নিয়োগদানের বিষয় নিশ্চিত করা।

৩। নীতিমালার প্রয়োগ :

৩.১ এ নীতিমালা বাংলাদেশের অভ্যন্তরে পরিচালিত সকল বেসরকারি হাসপাতালের ক্ষেত্রে আবশ্যিকভাবে প্রতিপালনীয় হবে;

৩.২ এ নীতিমালার লংঘন সংশ্লিষ্ট হাসপাতাল, চিকিৎসক এবং নার্সগণের লাইসেন্স ও নিবন্ধিকরণ বাতিলের কারণরূপে গণ্য হবে;

৩.৩ এ নীতিমালা বেসরকারি মেডিকেল কলেজ, নার্সিং কলেজ/ইনষ্টিটিউটের ক্ষেত্রে প্রযোজ্য হবে না ;

৩.৪ বিনামূল্যে অথবা জনহিতকর উদ্দেশ্যে অনুর্ধ্ব তিন মাসের জন্য কোন সরকারি চিকিৎসা কেন্দ্র বা স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানে আগত বিদেশি চিকিৎসক/নার্সদের ক্ষেত্রে এই নীতিমালা প্রযোজ্য হবে না।

৩.৫ এ নীতিমালার বিষয়ে কোন ব্যাখ্যার প্রয়োজন হলে স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত ব্যাখ্যাই চুড়ান্ত বলে গণ্য হবে।

৪। **নীতিমালা নিম্নবর্ণিত ক্ষেত্রসমূহের জন্য প্রযোজ্য :**

৪.১ বেসরকারি হাসপাতালে বিদেশি বিশেষজ্ঞ চিকিৎসক/নার্স নিয়োগ ও নিয়োগের বিষয়ে অনাপত্তি প্রদান;

৪.২ বিদেশি বিশেষজ্ঞ চিকিৎসক/বিশেষায়িত নার্সদের বাংলাদেশ মেডিকেল এ্যান্ড ডেন্টাল কাউন্সিল (বিএমডিসি) এবং বাংলাদেশ নার্সিং কাউন্সিল (বিএনসি) কর্তৃক অস্থায়ী নিবন্ধন;

৪.৩ বেসরকারি হাসপাতালে বিদেশি বিশেষজ্ঞ চিকিৎসক ও বিশেষায়িত নার্সগণ কর্তৃক সেবা প্রদান তত্ত্বাবধান।

**৫। বেসরকারি হাসপাতালে বিদেশি বিশেষজ্ঞ চিকিৎসক/বিশেষায়িত নার্সদের নিয়োগদানের পদ্ধতি:**

৫.১ বেসরকারি হাসপাতালের প্রধান নির্বাহী কর্মকর্তা তাদের কোন বিষয়ে কোন পর্যায়ের বিদেশি বিশেষজ্ঞ চিকিৎসক/বিশেষায়িত নার্স প্রয়োজন সে সংক্রান্ত তালিকা প্রণয়নপূর্বক নিয়োগের পূর্বে অনাপত্তির জন্য স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ে আবেদন প্রেরণ করবেন।

৫.২ আবেদনের সাথে নিম্নোক্ত কাগজসমূহ সংযুক্ত করতে হবে –

ক) যে প্রতিষ্ঠানে (বেসরকারি হাসপাতাল/ক্লিনিক) বিদেশি ডাক্তার/নার্স আগমন করবেন, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী হতে সংগৃহীত ঐ প্রতিষ্ঠানের হালনাগাদ লাইসেন্স/নবায়নকৃত লাইসেন্সের সত্যায়িত (গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত)অনুলিপি;

খ) বাংলাদেশ মেডিকেল এ্যান্ড ডেন্টাল কাউন্সিল (বিএমডিসি) এবং বাংলাদেশ নার্সিং কাউন্সিল (বিএনসি) কর্তৃক প্রদত্ত অস্থায়ী নিবন্ধনের সত্যায়িত (গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত)অনুলিপি;

গ) আগমনকারী ডাক্তার/নার্স/নন-মেডিকেল স্টাফের সদ্য তোলা পাসপোর্ট আকারের দুই কপি ছবি, পাসপোর্ট, জীবনবৃত্তান্ত, সকল অভিজ্ঞতা, নিজ দেশের রেজিষ্ট্রেশন/সনদপত্রের অনুলিপি উক্ত দেশের পররাষ্ট্র মন্ত্রণালয় ও উক্ত দেশে অবস্থিত বাংলাদেশি দূতাবাস কর্তৃক সত্যায়িত হতে হবে যার অনুলিপির ক্ষেত্রে আবেদনকারী প্রতিষ্ঠানের চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক/মহাসচিব/সমমানের কর্মকর্তা কর্তৃক সত্যায়িত কপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

ঘ) বিদেশি বিশেষজ্ঞ চিকিৎসক/বিশেষায়িত নার্স নিয়োগের নিমিত্ত দু'টি জাতীয় দৈনিক পত্রিকায় (বাংলা ও ইংরেজি) নিয়োগ বিজ্ঞপ্তি প্রচার করতে হবে যার কপি, নিয়োগ পত্র ইত্যাদি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

৫.৩ তালিকা প্রাপ্তির পর, চিকিৎসা/নার্সিং এর যে ক্ষেত্রসমূহে বিশেষজ্ঞ চিকিৎসক/বিশেষায়িত নার্স নিয়োগের জন্য অনুমতি/অনাপত্তি চাওয়া হয়েছে, সে বিষয়ে বাংলাদেশে বিশেষজ্ঞের অপ্রতুলতা রয়েছে কি না বা চাহিদামত অনাপত্তি প্রদান করা যায় কি না, সে বিষয়ে স্বাস্থ্য অধিদপ্তরের মতামত গ্রহণ করতে হবে।

৫.৪ তিন মাসের কম সময়ের জন্য অনুমতির ক্ষেত্রে স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত বিধিবিধান কার্যকর হবে।

৬। বিদেশি বিশেষজ্ঞ চিকিৎসক/বিশেষায়িত নার্স নিবন্ধনের জন্য আবেদনের পদ্ধতি:

৬.১ নিয়োগ প্রদানকারী বেসরকারি হাসপাতালের প্রধান নির্বাহী কর্মকর্তা নিবন্ধনের নিমিত্ত বিশেষজ্ঞ চিকিৎসকের জন্য বাংলাদেশ মেডিকেল ও ডেন্টাল কাউন্সিল এবং বিশেষায়িত নার্সের জন্য বাংলাদেশ নার্সিং কাউন্সিলের নির্ধারিত ফরম পূরণপূর্বক চিকিৎসকের জন্য বাংলাদেশ মেডিকেল ও ডেন্টাল কাউন্সিলে এবং বিশেষায়িত নার্সের জন্য বাংলাদেশ নার্সিং কাউন্সিলে আবেদন করবেন।

৬.২ প্রার্থীর সদ্য তোলা পাসপোর্ট আকারের দুই কপি ছবি, পাসপোর্ট, জীবনবৃত্তান্ত, সকল অভিজ্ঞতা, শিক্ষাগত যোগ্যতা ও প্রশিক্ষণের সনদপত্র, নিজ দেশের রেজিষ্ট্রেশন/সনদপত্রের অনুলিপি যা উক্ত দেশের পররাষ্ট্র মন্ত্রণালয় ও উক্ত দেশে অবস্থিত বাংলাদেশী দূতাবাস কর্তৃক সত্যায়িত কপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

৬.৩ প্রার্থীর নিজ দেশের মেডিকেল ও ডেন্টাল কাউন্সিল/নার্সিং কাউন্সিল কর্তৃক ইস্যুকৃত সু-প্রতিষ্ঠা সার্টিফিকেট(Good Standing Certificate) সংযুক্ত করতে হবে।

৬.৪ নিবন্ধীকরণের জন্য বাংলাদেশের মেডিকেল ও ডেন্টাল কাউন্সিল/নার্সিং কাউন্সিলে নির্ধারিত ফি জমা দিতে হবে।

৬.৫ নার্সিং ও মিডওয়াইফারীতে ৩/৪ বছরের ডিপ্লোমা কোর্স সম্পন্ন হতে হবে এবং সংশ্লিষ্ট দেশের সরকার কর্তৃক অনুমোদিত কোন হাসপাতালে ন্যূনতম ৭ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। রেজিষ্ট্রেশনের আবেদনের সাথে উক্ত সনদপত্রের কপি যথানিয়মে সত্যায়িত করে সংযুক্ত করতে হবে;

৬.৬। বিদেশি বিশেষজ্ঞ চিকিৎসক/বিশেষায়িত নার্সদের নিয়োগের জন্য অনুমতিপ্রাপ্ত প্রতিষ্ঠান বিদেশি ডাক্তার/নার্স নিয়োগের চুক্তির কপি স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

৭। নিয়োগের শর্তাবলি :

৭.১ নিয়োগের জন্য প্রস্তাবিত বিদেশি বিশেষজ্ঞ চিকিৎসক/নার্সগণের নিম্নবর্ণিত যোগ্যতা থাকতে হবে;

ক) মূল ডিগ্রী (Basic Degree) হবে MBBS/BDS অথবা সমমান;

খ) অধ্যাপক অথবা সিনিয়র কনসালট্যান্ট হিসেবে নিয়োগপ্রাপ্ত হতে পারেন, এরূপ স্নাতকোত্তর (Post Graduate) ডিগ্রী থাকতে হবে;

গ) স্নাতকোত্তর (Post Graduate) (ডিপ্লোমা ডিগ্রী ব্যতীত) ডিগ্রী অর্জনের পর স্বীয় ক্ষেত্রে ন্যূনতম ৭ (সাত) বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে এবং তিনি কী ধরনের কাজ করছেন এবং তার উপর কী দায়িত্ব আছে/ছিলেন এ মর্মে তিনি যে প্রতিষ্ঠানে কর্মরত ছিলেন সে প্রতিষ্ঠানের প্রধান হতে সার্টিফিকেট সংগ্রহপূর্বক দাখিল করবেন;

ঘ) বিদেশি বিশেষজ্ঞ চিকিৎসক/বিশেষায়িত নার্স নিয়োগের পূর্বে সংশ্লিষ্ট পদে বাংলাদেশী চিকিৎসক/নার্স নিয়োগের নিমিত্ত দু'টি জাতীয় দৈনিক পত্রিকায় (বাংলা ও ইংরেজি) নিয়োগ বিজ্ঞপ্তি প্রচার করতে হবে;

৭.২ FCPS/MD/MS/MECP/MRCS বা সমমানের বিদেশি পরামর্শক চিকিৎসকের বিপরীতে একই অধিক্ষেত্রের অনুরূপ শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন ২ (দুই) বছরের অভিজ্ঞতাসম্পন্ন ন্যূনতম ২ (দুই) জন বাংলাদেশী পরামর্শক নিয়োগ দিতে হবে এবং বিএমডিসিতে তাদের নিয়োগপত্রের কপি জমা দিতে হবে;

৭.৩ একটি বেসরকারি হাসপাতাল প্রতিষ্ঠার প্রথম ৭ বছর পর্যন্ত চিকিৎসক ও নার্সদের অনুমোদিত সর্বমোট পদের এক-পঞ্চমাংশ পদের এবং ৭ বৎসর পর হতে এক-দশমাংশ হারে বিদেশি ডাক্তার/নার্স নিয়োগ করা যাবে।

৭.৪ বিদেশি বিশেষায়িত নার্স নিয়োগের ক্ষেত্রে নার্সদের যথাক্রমে ৩/৪ বছর মেয়াদী ডিপ্লোমা-ইন নার্সিং অথবা বিএসসি-ইন-নার্সিং কোর্সসহ বিশেষায়িত কোর্স/ডিগ্রীধারী হতে হবে;

৭.৫ বিদেশি চিকিৎসক/নার্সদের বাংলাদেশে আগমনের জন্য আবশ্যিকভাবে স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অনুমতি গ্রহণ করতে হবে;

৭.৬ তিন মাসের অধিক সময়ের জন্য নিয়োগকৃত বিদেশি চিকিৎসক/নার্সগণের বিষয়ে স্বাস্থ্য অধিদপ্তর, স্বরাষ্ট্র ও পররাষ্ট্র মন্ত্রণালয়ের অনাপত্তি/ছাড়পত্র গ্রহণ করতে হবে;

৭.৭ তিন মাস বা তার কম সময়ের জন্য নিয়োগকৃত বিদেশি চিকিৎসক/নার্সগণের বাংলাদেশে অবস্থানের জন্য নিরাপত্তা ছাড়পত্র ব্যতীত একবার অনুমতি নেওয়ার পর একই ধারাবাহিকতায় পুনরায় তিন মাস বা তার কম মেয়াদের জন্য নিয়োগের আবেদন করা যাবে না।

৭.৮ বিদেশি চিকিৎসক/নার্সগণ কোন সেমিনার বা ওয়ার্কসপে যোগদানের জন্য বাংলাদেশে অবস্থানকালে কোন চিকিৎসা সেবা প্রদান করতে পারবেন না।

৭.৯ ৩.৪ এর ব্যতিক্রম ব্যতীত বিএমডিসি/বিএনসি এর নিবন্ধন ছাড়া কোন বিদেশি চিকিৎসক/নার্স বাংলাদেশের ভৌগলিক সীমারেখার মধ্যে চিকিৎসা সেবা প্রদান করতে পারবেন না।

৮। **অযোগ্যতা:**

৮.১ বাংলাদেশ কর্তৃক স্বীকৃত নয় বা বাংলাদেশের সাথে কুটনৈতিক সম্পর্ক বিদ্যমান নেই, এমন কোন দেশের চিকিৎসক/নার্সের বাংলাদেশে চিকিৎসা সেবাদানের নিমিত্ত অবস্থানের জন্য আবেদন গ্রহণ করা হবে না;

৮.২ বেসরকারি হাসপাতালের কোন বিভাগে দক্ষ ও অভিজ্ঞ বাংলাদেশী চিকিৎসক / নার্স অপ্রতুল হলে কেবলমাত্র সে বিভাগের জন্য কোন বিদেশি চিকিৎসক ও নার্সদের অনুকূলে বাংলাদেশে চিকিৎসা সেবাদানের নিমিত্ত নিয়োগের জন্য আবেদন করা যাবে;

৮.৩ যে সব বিদেশি বিশেষজ্ঞ চিকিৎসক/বিশেষায়িত নার্সগণকে যে হাসপাতালের জন্য বাংলাদেশ মেডিকেল এ্যান্ড ডেন্টাল কাউন্সিল ও বাংলাদেশ নার্সিং কাউন্সিল হতে নিবন্ধন (Temporary Registration) প্রদান করা হবে, তিনি বা তারা উক্ত হাসপাতাল ব্যতীত কোথাও চিকিৎসা সেবায় নিয়োজিত হতে পারবেন না।

৯। **অস্থায়ী নিবন্ধনের মেয়াদ:**

৯.১ প্রাথমিকভাবে ২ বছরের জন্য অস্থায়ী নিবন্ধনের পর মেয়াদ বৃদ্ধির আবেদন পাওয়া গেলে সংশ্লিষ্ট চিকিৎসক/নার্সের দক্ষতা সম্পর্কে বিএমডিসি/বিএনসির সুপারিশ সাপেক্ষে স্বাস্থ্য সেবা বভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় উক্ত চিকিৎসক/নার্সের বাংলাদেশে অবস্থানের মেয়াদ নীতিমালা অনুযায়ী বৃদ্ধি করবে;

৯.২ স্বাস্থ্য সেবা বভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় বিদেশি চিকিৎসক/নার্সের জন্য এরুপ অনুমতি প্রদানকালে অনুমোদনের বিষয়ে স্বাস্হ্য অধিদপ্তর, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয় এবং বিনিয়োগ বোর্ডসহ সংশ্লিষ্ট সংস্থাকে অবহিত করবে।

১০। নিবন্ধন বাতিল:

১০.১ কোনো বিদেশি চিকিৎসক/নার্সের বিষয়ে জাতীয় নিরাপত্তার বিষয়ে প্রশ্ন দেখা দিলে অথবা জনস্বাস্থ্য, নৈতিকতা বা জনশৃঙ্খলা পরিপন্থী কার্যকলাপের জন্য তার বিরুদ্ধে অভিযোগ উত্থাপিত হলে তার নিবন্ধন বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে বংলাদেশে প্রচলিত আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে;

১০.২ বিনিয়োগ বোর্ড কর্তৃক কর্মানুমতি না পেলে অস্থায়ী নিবন্ধন বাতিল হয়ে যাবে।

১১। বেসরকারি হাসপাতাল কর্তৃক আবশ্যিকভাবে পালনীয় শর্তাবলি:

১১.১ নিয়োগকারী হাসপাতাল বিদেশি চিকিৎসক/নার্সগণের কার্যক্রম ও দক্ষতার উপর স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ে একটি প্রতিবেদন দাখিল করবেন এবং দাখিলকৃত প্রতিবেদন যদি সন্তোষজনক না হয়, তবে স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক তাদের অনুমোদন বাতিল করা হবে;

১১.২ বেসরকারি হাসপাতাল কর্তৃক নিয়োগকৃত বিদেশি বিশেষজ্ঞ চিকিৎসক/বিশেষায়িত নার্সগণের অবহেলা, অদক্ষতা বা দায়িত্বহীনতার কারণে যদি সেবা গ্রহণকারী ব্যক্তি অথবা ব্যক্তিবর্গ কোনরুপ ক্ষতির শিকার হন বা এমন কোন কর্মকান্ডে লিপ্ত হন যা রোগির জন্য ক্ষতিকর, তবে তার যাবতীয় দায়-দায়িত্ব নিয়োগকারী হাসপাতালকে বহন করতে হবে এবং প্রয়োজনে উক্ত হাসপাতালের বিরুদ্ধে এদেশে প্রচলিত আইনে মামলা করা যাবে;

১১.৩ যে কোন ধরনের প্রাকৃতিক দূর্যোগে সরকারের চাহিদা মোতাবেক অনুমতিপ্রাপ্ত বিদেশি বিশেষজ্ঞ চিকিৎসক, বিশেষায়িত নার্সগণকে নির্ধারিত সময়ের জন্য বাংলাদেশের যে কোন স্থানে চিকিৎসা সেবা দানের জন্য নিয়োগে সংশ্লিষ্ট হাসপাতাল সহযোগিতা করবে।

১১.৪ এই নীতিমালার যে কোন অংশ যে কোন সময় সরকার কর্তৃক পরিবর্তন,পরিমার্জন, প্রতিস্থাপন করা যাবে।

০৭.০৮.১৮

(মো: সাইফুল্লাহিল আজম)
যুগ্মসচিব
ফোন:৯৫৪৫৯৭৮

স্মারক নং ৪৫.১৬২.১১৬.০০.০০.০২৭.১৮-৪২৫

তারিখঃ ২৩ শ্রাবণ, ১৪২৫ বঙ্গাব্দ
০৭ আগষ্ট, ২০১৮ খ্রিস্টাব্দ

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, বাণিজ্য মন্ত্রণালয় , বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
৪। সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা ।
৫। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
৬। সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৭। চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুন বাগিচা, ঢাকা ।
৮। চেয়ারম্যান, বাংলাদেশ বিনিয়োগ বোর্ড, জীবন বীমা টাওয়ার, ১০ দিলকুশা বা/এ, ঢাকা।
৯। চেয়ারম্যান, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (BIDA), ই-৬/বি, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা।
১০। গভর্ণর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
১১। অতিরিক্ত সচিব (হাসপাতাল), স্বাস্থ্য সেবা বিভাগ।
১২। অতিরিক্ত সচিব (নার্সিং) , স্বাস্থ্য সেবা বিভাগ।
১৩। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ ।
১৪। অতিরিক্ত সচিব (প্রশাসন), বাণিজ্য মন্ত্রণালয়।
১৫। মহাপরিচালক,স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১৬। মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর,শের-ই-বাংলা নগর, ঢাকা।
১৭। যুগ্মসচিব,সরকারি/বেসরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা, স্বাস্থ্য সেবা বিভাগ।
১৮। সভাপতি, বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল, ২০৩ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী, বিজয় নগর, ঢাকা।
১৯। রেজিষ্ট্রার, বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল, ২০৩ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী, বিজয় নগর, ঢাকা।
২০। রেজিষ্ট্রার, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারী কাউন্সিল, ২০৩ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী, বিজয় নগর, ঢাকা।
২১। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
২২। উপসচিব, সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা ১/২, স্বাস্থ্য সেবা বিভাগ।
২২। ------------------ ----------------------

০৭.০৮.১৮

(মো: সাইফুল্লাহিল আজম)
যুগ্মসচিব
ফোন:৯৫৪৫৯৭৮

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

০১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়।
০২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
০৩। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
০৪। সিস্টেম এনালিষ্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। (তাকেঁ নীতিমালাটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)।